কেস স্টাডি (অষ্টম শ্রেণী ) ২৫.০৭.২৩

প্রফেসর গজানন তরফদার বলে এক বৈজ্ঞানিক কিছুদিন আগে আমার সঙ্গে দেখা করতে এসেছিলেন। ভদ্রলোক যাবেন হাজারীবাগ। আমার নাম শুনে আমার বইটাই পড়ে এসেছিলেন আমার সঙ্গে আলাপ করতে এবং আমার ল্যাবরেটরিটা দেখতে। এর আগে অন্য কোনো বৈজ্ঞানিক যে আসেননি তা নয়। প্রায় সব দেশের বৈজ্ঞানিকেরাই ভারতবর্ষে এলে একবার আমার ল্যাবরেটরিটা ঘুরে দেখে যান। এক নরজিও প্রাণিতত্ত্ববিদ তো প্রায় একমাস কাটিয়ে গিয়েছিলেন আমার এখানে। কিন্তু এই লোকটি যেন একটু অন্যরকম।হাবভাব যেন কেমন কেমন। বড্ড বেশি খুঁটিনাটি প্রশ্ন এবং চাহনিতে এমন একটা চঞ্চল তীব্র ভাব যেন দৃষ্টি দিয়েই আমার গবেষণার সবকিছু রহস্য আয়ত্ত করে ফেলবেন।

ক। একজন বিখ্যাত বাঙালি বিজ্ঞানী বলতে যার নাম মনে আসে:

মেঘনাদ সাহা / লালমোহন গাঙ্গুলী /নীলকান্ত দাস /যোগেন ভট্টাচার্য

খ। বিজ্ঞান বিষয়ে যারা গবেষণা করেন তাদের বলা হয়

ভূতত্ত্ববিদ /নৃতত্ত্ববিদ /বৈজ্ঞানিক /ঐতিহাসিক

গ। যে বৈজ্ঞানিক প্রায় এক মাস শঙ্কুর কাছে কাটিয়ে গেছিলেন তিনি হলেন: এক চিকিৎসক/ এক স্পেনদেশীয় পদার্থবিদ/ এক ইউরোপীয় উদ্ভিদবিদ/ এক নরজিও

ঘ। প্রফেসর শঙ্কু চরিত্রটির স্রষ্টা কে?

ঙ। ল্যাবরেটরির প্রয়োজন কেন?